দৈনিক সংবাদ

তারিখ ... 07 MAY 1996
পৃষ্ঠা ৫ কলাম ৫

3

কাঠালবাড়ি উচ্চ বালিকা বিদ্যালয়

# আটজন ছাত্রী উপবৃত্তির টাকা পায়নি

কুড়িগ্রাম, ৬ই মে (নিজস্ব সংবাদদাতা)।– কুড়িগ্রাম সদর থানার কাঠালবাড়ি ইউনিয়নের কাঠালবাড়ি উচ্চ বালিকা বিদ্যালয়ের ৮ জন ছাত্রী ১৯৯৫ ইং শিক্ষাবর্ষের উপবৃত্তির টাকা পায়নি বলে অভিযোগ পাওয়া গেছে।

১৯৯৫ শিক্ষাবর্ষে কাঠালবাড়ি উচ্চ বালিকা বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণী হতে ১০ম শ্রেণী পর্যন্ত প্রায় ৫০০ ছাত্রীর উপবৃত্তির টাকা চেয়ে ছাত্রীদের নামের তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পাঠানো হয়েছে। তালিকা অনুযায়ী ছাত্রীরা যথাসময়ে তাদের উপবৃত্তির টাকা পেলেও একই তালিকা হতে ৮ জন ছাত্রীর নাম বাদ পড়ে। ভুক্তভোগী ছাত্রীদের মধ্যে রয়েছে তুলসী রানী ১০ম শ্রেণী, পারভিন বেগম ৭ম শ্রেণী, বিউটি বেগম ৭ম শ্রেণী, অনিতা রানী ৭ম শ্রেণী, সুধারানী ৭ম শ্রেণী, কল্পনা রানী ৭ম শ্রেণী, রত্না রানী ৭ম শ্রেণী ও মরিয়ম বেগম ৭ম শ্রেণী।

এ ব্যাপারে উক্ত বিদ্যালয়ের প্রধান শিক্ষক সংশ্লিষ্ট বিভাগসমূহে লিখিতভাবে জানানো সত্ত্বেও আশানুরূপ কোন ফল পাওয়া যায়নি।